গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা

বিষয়: পানি সম্পদ মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২৪ নভেম্বর ২০২০ খ্রি.
সভার সময়	বেলা ০২.৩০ টায়
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২। সভাপতি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

ক্র. ন.	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪	৫
০১.	গত সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদন।	গত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন সংক্রান্ত বিবরণীতে শাখা, অধিশাখা কিংবা সংস্থাসমূহের কোন সংশোধনী বা দ্বিমত আছে কি না তা উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাপাউবো, সভাকে অবহিত করেন গত সভার কার্যবিবরণীর ক্রমিক নম্বর ১১ এর আলোচনায় অডিট আপত্তি ৫১১৪টি অবশিষ্ট আছে এর স্থলে ৫১০১টি অবশিষ্ট আছে সংশোধন হবে। এছাড়া, অন্য কোন সংশোধনীর প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী গৃহীত করা হয়।	গত সভার কার্যবিবরণীর ক্রমিক নম্বর ১১ এর আলোচনায় অডিট আপত্তি ৫১১৪টি অবশিষ্ট আছে এর স্থলে ৫১০১টি অবশিষ্ট আছে সংশোধন করতে হবে।	প্রশাসন-০২ শাখা, পাসম।
০২.	Time bound প্রতিবেদন প্রেরণ।	মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ও প্রধানমন্ত্রীর দপ্তরসহ অন্যান্য মাসিক, ত্রৈমাসিক ও Time bound বিভিন্ন প্রতিবেদন ও তথ্য মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগসহ অন্যান্য মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করা হচ্ছে। এ বিষয়ে সভাপতি মহোদয় যথাসময়ে সকল প্রতিবেদন প্রেরণের জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন।	Time bound অনুযায়ী বিভিন্ন প্রতিবেদন ও তথ্য যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	প্রশাসন-০২ শাখা, পাসম।
০৩.	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা।	এ বিষয়ে উপসচিব (উন্নয়ন-০২ শাখা) সভাকে অবহিত করেন, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পের সংখ্যা মোট ৫১টি। এর মধ্যে সমাপ্ত প্রকল্পের সংখ্যা ৩০টি, চলমান প্রকল্পের সংখ্যা ১৩টি এবং অন্যান্য প্রকল্পের মধ্যে সমীক্ষার আলোকে প্রণয়নতব্য ডিপিপি ০৩টি ও ০৫টি প্রকল্পের ডিপিপি প্রক্রিয়াধীন আছে। প্রণয়নতব্য ০৩টি প্রকল্পের মধ্যে ০১টি প্রকল্প নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়ন করায় প্রকল্পটি পানি সম্পদ মন্ত্রণালয় এর প্রতিশ্রুতি তালিকা হতে বাদ দেয়ার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়কে পত্র প্রেরণ করা হয়েছে। তিনি আরো জানান, প্রক্রিয়াধীন ০৫ টি ডিপিপির মধ্যে ০২টি প্রকল্প আগামী ডিসেম্বর' ২০২০ মাসের মাসিক অগ্রগতি প্রতিবেদন তালিকায় চলমান প্রকল্প হিসেবে অন্তর্ভুক্ত করা হবে। অবশিষ্ট ০৩টি প্রকল্পের ডিপিপি বাপাউবো দ্রুত প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।	(ক) প্রকল্পসমূহ যথাসময়ে বাস্তবায়নে বাপাউবো এবং মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। (খ) প্রক্রিয়াধীন ০২টি প্রকল্প আগামী ডিসেম্বর' ২০২০ মাসের অগ্রগতি প্রতিবেদনের চলমান তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে। (গ) প্রক্রিয়াধীন ০৩টি প্রকল্পের ডিপিপি প্রস্তুতপূর্বক দ্রুত মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।	উন্নয়ন-০২ শাখা, পরিকল্পনা উইং, পাসম ও বাপাউবো।
০৪.	বার্ষিক কার্য সম্পাদন চুক্তি।	যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম কোয়ার্টার প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।	২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী কার্য সম্পাদন করতে হবে।	প্রোগ্রামার, পাসম ও সংশ্লিষ্ট সংস্থা।
০৫.	মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণ, ই-ফাইলিং চালুকরণ, ভিডিও কনফারেন্সের ব্যবস্থা গ্রহণ।	সভায় মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে এবং ই-নথি ব্যবহারের বিষয়ে মন্ত্রণালয়ের সকল শাখায় ও আওতাধীন সংস্থাসমূহের অবস্থান উপস্থাপন করা হয়। সভাপতি সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণের বিষয়ে জনাব তানিয়া ফেরদৌস, সিনিয়র সহকারী সচিবকে মনিটরিং করার নির্দেশনা প্রদান করেন।	(ক) সকল শাখা, অধিশাখা এবং সংস্থাসমূহের নথিসমূহের কার্যক্রম ই-নথিতে সম্পাদন করতে হবে। ই-নথির পাশাপাশি গুরুত্বপূর্ণ নথিসমূহ হার্ড নথিতেও সম্পাদন করতে হবে। (খ) জনাব তানিয়া ফেরদৌস, সিনিয়র সহকারী সচিব সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণের বিষয়টি মনিটরিং করবেন।	সকল সংস্থা প্রধান/ সকল অধিশাখা/ শাখা এবং আইসিটি শাখা, জনাব তানিয়া ফেরদৌস, সিনিয়র সহকারী সচিব পাসম।

০৬.	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহের শাখাওয়ারী অনিষ্পন্ন কার্যাবলি পর্যালোচনা।	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহের শাখাওয়ারী অনিষ্পন্ন কার্যাবলি নিয়ে যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, মন্ত্রণালয়ের শাখা, অধিশাখা ও সংস্থাসূহের কোন অনিষ্পন্ন কার্যাবলীর তালিকা নেই। সভাপতি সংস্থাপ্রধানগণকে ই-নথির ড্যাশ বোর্ড নিয়মিত চেক করার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি আরও বলেন, ড্যাশবোর্ড কিভাবে চেক করতে হবে সে বিষয়ে একটি অর্ধ দিবস ব্যাপী প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	(ক) মন্ত্রণালয়ের সকল অধিশাখা, শাখা ও সংস্থাসমূহের এ ধারা অব্যাহত রাখতে হবে। (খ) সংস্থাপ্রধানগণের ই-নথি ড্যাশ বোর্ডের উপর অর্ধ দিবস ব্যাপী প্রশিক্ষণ এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	(ক) সকল অধিশাখা/ শাখা পাসম ও সকল সংস্থা। (খ) আইসিটি শাখা, পাসম।
০৭.	উন্নয়ন প্রকল্প পরিদর্শন।	উন্নয়ন প্রকল্প পরিদর্শন বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের জেলা ভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ আগামী ডিসেম্বর ২০২০ মাসে ১ম পর্যায় এবং আগামী মার্চ ২০২১ মাসে ২য় পর্যায়ে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করার নির্দেশনা প্রদান করেন।	জেলাভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ আগামী ডিসেম্বর ২০২০ মাসে ১ম পর্যায় এবং আগামী মার্চ ২০২১ মাসে ২য় পর্যায়ে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবেন।	সংশ্লিষ্ট কর্মকর্তা, পাসম।
০৮.	পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাপাউবো'র অব্যবহৃত জমিতে কর্মকর্তা ও কর্মচারিদের আবাসিক ভবন নির্মাণ।	এ বিষয়ে আলোচনার শুরুতে যুগ্মসচিব (উন্নয়ন-২) সভাকে অবহিত করেন যে, পানি সম্পদ মন্ত্রণলয়ের কর্মকর্তা ও কর্মচারিদের জন্য যাত্রাবাড়ীতে পৃথক ১টি আবাসিক ভবনে ৫৬টি ফ্ল্যাট নির্মাণের সংস্থান রেখে ডিপিপি বাপাউবো মন্ত্রণালয়ে প্রেরণ করেছে।	ডিপিপিটির উপর দ্রুত যাচাই বাছাই সভা আহ্বান করতে হবে।	মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং, পাসম। যুগ্মসচিব (উন্নয়ন-২), পাসম।
০৯.	বাপাউবো'র জনবল কাঠামো ও বাপাউবো'কে অধিদপ্তরে রুপান্তর।	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডকে অধিদপ্তরে রুপান্তরের বিষয়ে গত ১৬ সেপ্টেম্বর ২০২০ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী বোর্ডের মোট ১০(দশ) টি শ্রেণীগুচ্ছের মধ্যে ০৪(চার) টি শ্রেণীগুচ্ছের সাথে জনবল নির্ধারণের লক্ষ্যে গঠিত কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। অবশিষ্ট শ্রেণীগুচ্ছের সাথে পর্যায়ক্রমে সভা অনুষ্ঠানের কার্যক্রম চলমান রয়েছে।	গঠিত কমিটির অবশিষ্ট শ্রেণীগুচ্ছের সাথে পর্যায়ক্রমে দ্রুত সভা আহ্বানপূর্বক প্রস্তাব মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।	প্রশাসন-১ শাখা, পাসম ও বাপাউবো
১০.	সংস্থাসমূহের মামলা সংক্রান্ত।	সভায় মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের মামলাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয় পটুয়াখালীতে বিচারাধীন দেওয়ানী মামলার (মামলা নম্বর-১৮৩/২০১৮) বিষয়ে বাপাউবোর উপপরিচালক (আইন) এর নিকট জানতে চাইলে তিনি জানান, মামলার পরবর্তী ধার্য তারিখ ২৫ নভেম্বর ২০২০ তারিখ নির্ধারণ করা হয়েছে। এ বিষয়ে তিনি যুগ্ম জেলা জজ এর সাথে সাক্ষ্যাৎ করে সরকারি সম্পত্তি রক্ষার্থে মামলাটি দ্রুত নিষ্পত্তির বিষয়ে অনুরোধ জানিয়েছে। এছাড়া, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মামলাসমূহের হালনাগাদ ডেটাবেজ প্রস্তুত এর বিষয়ে বাপাউবোর সিনিয়র সিস্টেম এনালিস্ট সভাকে অবহিত করেন, ডেটাবেজ সফটওয়্যার তৈরী করার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ না থাকায় এ সময় ডেটাবেজ প্রস্তুত করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে সভাপতি প্রয়োজনীয় অর্থ বরাদ্দের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।	ক) মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং যে সকল ব্যক্তি বাপাউবো'র জায়গা দখল করে আছে তাঁদের উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) মামলাসমূহের পূর্ণাঙ্গ প্রতিবেদন (Break up) প্রদান করতে হবে। (গ) নগই ও হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঘ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মামলাসমূহের হালনাগাদ ডেটাবেজ প্রস্তুত করতে হবে। (ঙ) পটুয়াখালীতে বিচারাধীন দেওয়ানী মামলাটি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, বাপাউবো, নগই, বাহাজউঅ, আইন শাখা, পাসম।
১১.	অধিদপ্তর ও সংস্থাসমূহের অডিট আপত্তি নিষ্পত্তিকরণ।	এ প্রসঙ্গে যুগ্মসচিব (বাজেট ও অডিট) সভাকে অবহিত করেন, অক্টোবর ২০২০ মাসে ২টি এবং নভেম্বর ২০২০ মাসে ০১টিসহ মোট ০৩টি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ৫৫টি অডিট আপত্তির মধ্যে ৫২টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে।	অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	সকল সংস্থা ও অডিট শাখা, পাসম।
১২.	মন্ত্রণালয়ের জনবল বৃদ্ধির জন্য পদ সৃষ্টি।	এ বিষয়ে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-০২ শাখা) সভাকে অবহিত করেন, জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে ২৩ নভেম্বর ২০২০ তারিখের পত্রের মাধ্যমে ১২টি পদের মধ্যে ০৩টি ক্যাডার পদ রাজস্বখাতে স্থায়ীভাবে সৃজনের সম্মতি প্রদান করেছে। পত্রের নির্দেশনা মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।	জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রেরিত পত্রটির নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রশাসন-০২ শাখা, পাসম
১৩.	বিবিধ বিষয়: (ক) করোনা ভাইরাস।	কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য দ্বিতীয় ধাপ মোকাবেলায় মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারীকৃত পত্র মোতাবেক পানি সম্পদ মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে যথাযথভাবে পালনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।	পানি সম্পদ মন্ত্রণালয় এবং এর আওতাধীন সংস্থাসমূহে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীগণ মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রেরিত পত্রের আলোকে যথাযথভাবে পালন করতে হবে।	সকল সংস্থা ও প্রশাসন-০২ শাখা, পাসম।
	(খ) বাপাউবোর বিভাগীয় কার্যালয়সমূহে পানি সম্পদ পরিকল্পনা সংস্থার জন্য অস্থায়ী কক্ষ বরাদ্দ।	এ বিষয়ে মহাপরিচালক, ওয়ারপো সভায় অবহিত করেন, রাজশাহী ও ময়মনসিংহ বিভাগে বাপাউবো'র হতে অস্থায়ীভাবে অফিস কক্ষ পাওয়া যায়নি। বিষয়টি মহাপরিচালক, বাপাউবো দেখবেন মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন।	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার জন্য রাজশাহী ও ময়মনসিংহে বাপাউবোর বিভাগীয় কার্যালয়ে অস্থায়ীভাবে ২/৩ কক্ষ প্রদানের বিষয়ে মহাপরিচালক, বাপাউবো, ব্যবস্থা গ্রহণ করবেন।	বাপাউবো ও ওয়ারপো।

	(গ) বৃক্ষরোপণ কার্যক্রম বাস্তবায়ন।	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশত বার্ষিকী উদযাপন এবং মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন প্রতিপালনের জন্য পানি সম্পদ মন্ত্রণালয় ১০ লক্ষ বৃক্ষরোপণের কার্যক্রম হাতে নেয়া হয়। গত ০১ নভেম্বর ২০২০ পর্যন্ত ১০ লক্ষ ৮৪ হাজার ৬১০টি বৃক্ষরোপণ করা হয়েছে। এ লক্ষ্যমাত্রা অর্জনে বাপাউবোর যে সব জোন ও বিভাগ বৃক্ষরোপণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করেছে। তাদের মধ্যে ০৩টি জোন ও ০৩টি বিভাগ কে মাননীয় প্রতিমন্ত্রী, মাননীয় উপমন্ত্রী এবং মিডিয়ার উপস্থিতিতে তাদেরকে বিশেষ সম্মাননা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বৃক্ষরোপণ কার্যক্রম অর্জনে বাপাউবোর যে সব জোন ও বিভাগ বৃক্ষরোপণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করেছে। তাদের মধ্যে ০৩টি জোন ও ০৩টি বিভাগ কে মাননীয় প্রতিমন্ত্রী, মাননীয় উপমন্ত্রী এবং মিডিয়ার উপস্থিতিতে তাদেরকে বিশেষ সম্মাননা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে	পরিবীক্ষণ ও বাস্তবায়ন অধিশাখা, পাসম।
	(ঘ) আইসিটি।	মাসিক সমন্বয় সভায় আইসিটি এর উপর প্রতিমাসে আলোচনা করতে হবে। আগামী মাস হতে মন্ত্রণালয় ও অধীনস্থ সংস্থা/অধিদপ্তর আইসিটি এর উপর হালনাগাদ তথ্য প্রদান করবেন এবং মাসিক সমন্বয় সভায় তা এজেন্ডা হিসেবে উপস্থাপন করা হবে।	আইসিটি এর উপর হালনাগাদ তথ্য প্রেরণ করতে হবে এবং আগামী মাসিক সমন্বয় সভায় এজেন্ডা হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে।	আইসিটি শাখা, পাসম ও সকল অধিদপ্তর/সংস্থা

৩। সভাপতি উন্নয়ন প্রকল্প পরিদর্শনের বিষয়ে জেলাভিত্তিক কর্মকর্তাগণের উদ্দেশ্যে বিভিন্ন দিক নির্দেশনা প্রদানপূর্বক সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.৩২.০৬.০৬৪.১৭.৩৮৯

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৭
২৯ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) : সমন্বয় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১২ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে দাখিলের অনুরোধসহ

১) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
২) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩) মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
৪) মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট
৫) অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৬) সদস্য, সদস্য এর দপ্তর, যৌথ নদী কমিশন, বাংলাদেশ
৭) ..... (সকল অধিশাখা/শাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) উপসচিব, রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) নির্বাহী প্রকৌশলী, চীফ মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১১) জনসংযোগ কর্মকর্তা, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১২) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১৩) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়

এস. এম. সরওয়ার কামাল
সিনিয়র সহকারী সচিব